কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০২১.৯৯.০০১.১৮.২৫৫

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **২৬ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত দপ্তর/সংস্থার সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

২৬ এপ্রিল ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ে দপ্তর/সংস্থা সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো (সংযুক্ত)। সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৩ মে ২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে **প্রশাসন-৩ অধিশাখায়** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

**সংযুক্ত:** বর্ণনামতে ০২ পাতা।

(মোঃ আসাদুজ্জামান)
উপসচিব
ফোন : ৯৫৪০৮৮৫।
ই-মেইল: dsadmn32014@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

মন্ত্রণালয়:

১। অতিরিক্ত সচিব (পিপিসি/গবেষণা অনুবিভাগ/প্রশাঃ ও উপঃ/সম্প্রসারণ/নিরীক্ষা)/মহাপরিচালক(বীজ)/অতিরিক্ত সচিব (পিপিবি/গবেষণা),কৃষি মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), কৃষি মন্ত্রণালয়।
৭। সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় **(কার্যবিবরণীটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য)**।

**দপ্তর/সংস্থা(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৫। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৯। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, জয়দেবপুর, গাজীপুর।
১০। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৩। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৪। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৫। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি সড়ক, ঢাকা।
১৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

**সদয় জ্ঞার্তার্থে অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
(www.moa.gov.bd)

## কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্<br>সিনিয়র সচিব<br>কৃষি মন্ত্রণালয় |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ২৬ এপ্রিল ২০১৮, বেলা: ১.৩০ ঘটিকা |
| ৩.০ | স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| ৪.০ | উপস্থিতির তালিকা | : | **পরিশিষ্ট-ক** |

**৫.০ আলোচনা ও সিদ্ধান্ত :**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ১ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন উদ্ভিদ সংগনিরোধ উইং এর কেন্দ্রীয় প্যাকিং হাউজ, শ্যামপুর, ঢাকা এর জন্য ৩২টি পদ সৃজনের বিষয়ে সংশোধনী প্রস্তাব উপস্থাপন করা হয়। সভায় উক্ত সংশোধনী প্রস্তাব গ্রহণসহ বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন | (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/ নির্দেশনাসমূহ বাস্তবায়ন অব্যাহত থাকবে। প্রতিশ্রুতি/ নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট প্রত্যেক সমন্বয় সভায় এর অগ্রগতি উপস্থাপন করবেন। | যুগ্মসচিব (প্রশাসন)<br>ও<br>ফোকাল পয়েন্ট |
| ২. | ওয়েবসাইট হালনাগাদকরণ | (১) দপ্তর/সংস্থার ওয়েবসাইটসমূহ হালনাগাদকরণ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br>(২) গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিগত ৫ বছরে উদ্ভাবিত বিভিন্ন ফসলের নতুন নতুন জাতসমূহের তথ্য ওয়েবসাইটে আপলোড অব্যাহত থাকবে। | দপ্তর/সংস্থা (সকল) ও সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় |
| ৩. | অডিট আপত্তি নিষ্পত্তি | (১) অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যার নিরিখে সেগুলো নিষ্পত্তির জন্য প্রতিটি দপ্তর/সংস্থা মাসে কমপক্ষে ৪টি দ্বি-পক্ষীয় এবং ২টি ত্রি-পক্ষীয় সভা আয়োজন করবে। ব্রডসিট জবাবের মাধ্যমে যে সকল অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। | নিরীক্ষা অনুবিভাগ<br>দপ্তর/সংস্থা (সকল) |
| ৪. | অনিষ্পন্ন কাজ নিষ্পত্তি | (১) দপ্তর/সংস্থাসমূহ অনিষ্পন্ন কাজের তালিকা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রশাসনিক শাখা/অধিশাখায় প্রেরণপূর্বক এর একটি অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে। দপ্তর/সংস্থার নিকট কোন কাজ অনিষ্পন্ন থাকলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা অনিষ্পন্ন কাজের তালিকা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করবে। | দপ্তর/সংস্থা (সকল)<br>সংশ্লিষ্ট সকল যুগ্মসচিব ও উপসচিব |
| | | (২) বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের রাজস্বখাতে স্থানান্তরিত ১৯টি পদের মধ্যে ১৭টি পদ স্থায়ী করণের লক্ষ্যে পদবী পরিবর্তন/সমতাকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৪ জুন ২০১৭ তারিখে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করবে। | গবেষণা অনুবিভাগ |
| | | (৩) নবসৃষ্ট বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর অর্গানোগ্রাম এ সংস্থান অনুযায়ী বর্তমানে কর্মরতদের উক্ত প্রতিষ্ঠানে ন্যস্ত করে প্রজ্ঞাপন জারীপূর্বক ০১ জুন ২০১৮ হতে যোগদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে ১ জুলাই ২০১৮ হতে তাদেঁর বেতন ভাতা উত্তোলন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অবশিষ্ট শূন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে। | গবেষণা অনুবিভাগ |
| | | (৪) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের সময় ৩৩টি পদ বিলুপ্তিরোধে অর্থ বিভাগ হতে পুনরায় যাচিত তথ্য আগামী ১ সপ্তাহের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | সম্প্রসারণ অনুবিভাগ |
| | | (৫) কৃষি বিপণন অধিদপ্তরের ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় স্থাপনের লক্ষ্যে ১১টি পদ সৃজনের বিষয়ে ৪ মার্চ ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করবে। | সম্প্রসারণ অনুবিভাগ |
| | | (৬) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন 'ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলায় এবং মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলায় দুটি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিত দুটি এটিআই এর ২৫ ক্যাটাগরির ৪৭টি করে মোট ৯৪টি পদ সৃজনের বিষয়ে ৫-৪-২০১৮ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করবে। | সম্প্রসারণ অনুবিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | | (৭) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন উদ্ভিদ সংগনিরোধ উইং এর কেন্দ্রীয় প্যাকিং হাউজ, শ্যামপুর, ঢাকা এর জন্য ৩২টি পদ সৃজনের বিষয়ে দপ্তর/সংস্থার সমন্বয় সভায় পর্যালোচনান্তে সম্মতি প্রদান করা হয়েছে মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সম্প্রসারণ অনুবিভাগ |
| ৫. | অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি | (১) অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারিদের অবসরে যাবার ০৩ মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কতজনকে অবসর সুবিধা প্রদান করা হয়েছে কিংবা হয়নি, তার তথ্য নির্ধারিত ছকে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও দপ্তর/সংস্থা (সকল) |
| ৬. | খরচের হিসাব সংগতি সাধন | (১) ২০১৬-১৭ অর্থ বছরের উপযোজন হিসাব দ্রুততার সাথে সম্পাদন করতে হবে। কৃষি মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সমন্বয় সভার পূর্বে দপ্তর/সংস্থার খরচের হিসাব সংগতি সাধনের তথ্য প্রতি মাসের ১০ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও দপ্তর/সংস্থা (সকল) |
| ৭. | শূন্য পদে লোক নিয়োগ | (১) শূন্যপদে লোক নিয়োগের ক্ষেত্রে মামলা থাকলে সংস্থার স্বার্থ বিবেচনায় নিয়ে দ্রুত মামলা নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান এবং নিয়মাচার অনুসরণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | আইন অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল) |
| ৮. | সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সৌর প্যানেল স্থাপন | (১) বিদ্যুৎ বিভাগের ১৯/০১/২০১০ তারিখের পত্র নং-বিজ্ঞখস(বিঃ)/উস(বিঃসা),বিদ্যুৎ সাশ্রয়ক-০১/২০১০/০৩ অনুযায়ী সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত তথ্য প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সোলার প্যানেল স্থাপন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) অফিস কক্ষ ও পানির পাম্পসহ অন্যান্য স্থাপনায় স্থাপিত সোলার প্যানেল এর সংখ্যা পৃথকভাবে ছকে উল্লেখ করতে হবে।<br>(৩) আগামী ৩ মাসের মধ্যে সকল দপ্তর/সংস্থা প্রধানের অফিস ও কনফারেন্স রুমগুলো সৌর প্যানেলের আওতায় আনতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |
| ৯. | দপ্তর/সংস্থার জমিজমাসহ বিভিন্ন মামলা সংক্রান্ত কার্যক্রম | (১) দপ্তর/সংস্থার মালিকানাধীন জমির দলিল, পর্চা ও অন্যান্য রেকর্ডপত্রাদি; হালনাগাদ দাখিলা, Mutation সহ লেমিনেশন করে নিজস্ব হেফাজতে সংরক্ষণ এবং একপ্রস্ত অনুলিপি মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। জমির নামজারি সংক্রান্ত তথ্য এবং ভূমি উন্নয়ন কর পরিশোধ বিষয়ক প্রতিবেদন প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে আইন অধিশাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। | আইন অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল) |
| | | (২) দপ্তর/সংস্থার মালিকানাধীন বেদখলকৃত জমি উদ্ধার বিষয়ে হালনাগাদ ও স্বয়ংসম্পূর্ণ তথ্য প্রস্তুতের জন্য যুগ্মসচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত থাকবে। দপ্তর/সংস্থা ওয়ারী বেদখলকৃত জমির তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে এবং বেদখলকৃত জমিগুলো পুনরুদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কমিটির আহবায়ক ও যুগ্মসচিব (প্রশাসন) |
| | | (৩) (ক) বিনা, বিএডিসি, বিএআরআই (বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৭) এবং বীজ আইন, ২০১৮ এর বিধিমালা এর খসড়া বিধি/প্রবিধানমালা প্রণয়নের কাজের অগ্রগতি সুনির্দিষ্টভাবে (শতকরা হারে) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ইতোমধ্যে প্রনীত খসড়া বিধি/প্রবিধানমালাসমূহ চূড়ান্তকরণের অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভাকে অবহিত করবে।<br>(খ) যে সকল দপ্তর/সংস্থার নতুন আইনের খসড়া ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে কিংবা মহান জাতীয় সংসদে প্রেরণাধীন রয়েছে সে সকল দপ্তর/সংস্থা খসড়া আইনের আলোকে আগামী ১৫ মে ২০১৮ তারিখের মধ্যে খসড়া বিধিমালা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রবিধানমালা প্রণয়ন করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক শাখা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত 'কৃষি বিপণন আইন-২০১৭' এর আলোকে খসড়া বিধিমালা প্রণয়নের অগ্রগতি সুনির্দিষ্টভাবে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট প্রশাসনিক শাখা |
| ১০. | জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কার্যক্রম | (১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চলতি ২০১৭-১৮ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) ও ফোকাল পয়েন্ট |
| ১১. | তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রম | (১) 'তথ্য অধিকার আইন, ২০০৯' অনুযায়ী তথ্য সরবরাহ করে নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখতে হবে। | উপসচিব(প্রশাসন-৪) ও দায়িত্ব প্রা কর্মকর্তা এবং দপ্তর/সংস্থা (সকল) |
| ১২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম | (১) কৃষি মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) ও দপ্তর/সংস্থা (সকল) |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ১৩. | "জাতীয় কৃষিনীতি, ২০১৮ (খসড়া)" প্রণয়ন | (১) 'জাতীয় কৃষিনীতি, ২০১৮' উপর কেজিএফ/কমিটি'র মতামত চূড়ান্তপূর্বক ৩১ মে ২০১৮ এর মধ্যে তা সার-সংক্ষেপ আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পিপিবি) |
| ১৪. | এসডিজি বাস্তবায়ন কার্যক্রম | (১) এসডিজি বিষয়ক কৃষি মন্ত্রণালয়ের কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (পিপিবি) |
| ১৫. | বিবিধ | (১) মামলা সংক্রান্ত কাগজপত্রাদি প্রস্তুতকরণ, SDG বাস্তবায়ন, শুদ্ধাচার কর্মপরিকল্পনা, APA এবং তথ্য অধিকার আইন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মাস্টার ট্রেনার হিসেবে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অন্যান্য কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করবেন।<br>(২) বর্ণিত বিষয়সমূহে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত তথ্য বিস্তারিতভাবে (সংস্থাভিত্তিক) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল)/ সংশ্লিষ্ট শাখা |

৬.০ পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭.০৫.১৮

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ)
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

## কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভা

তারিখ: ২৬ এপ্রিল ২০১৮

সময়: বেলা ০১.৩০ ঘটিকা

স্থান: কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

কর্মকর্তাগণের উপস্থিতি

| ক্রম | নাম ও পদবি | কর্মরত উইং/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোহাম্মদ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব | কৃষি মন্ত্রণালয় | | [signature] 26/4 |
| ২. | মো: ফজলে ওয়াহেদ খোন্দকার<br>অতি: সচিব | " | | [signature] |
| ৩. | বি এম ইনামুল হক<br>অতিরিক্ত সচিব পরিকল্পনা | কৃষি মন্ত্রণালয় | | [signature] |
| ৪. | মো: মিজানুর রহমান<br>অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) | " | | [signature] |
| ৫. | আক্তার উদ্দিন আহমেদ<br>অতিরিক্ত সচিব (বীজ) | " | | [signature] |
| ৬. | ড. মো: আবদুর রৌফ<br>অতিরিক্ত সচিব | কৃষি মন্ত্রণালয় | 01824626575 | [signature] 26/4/18 |
| ৭. | সনৎ কুমার সাহা<br>অতিরিক্ত সচিব (গবেষণা) | কৃষি মন্ত্রণালয় | 01712660150 | [signature] 26/04/2018 |
| ৮. | মো: মাহবুবুল ইসলাম<br>যুগ্মসচিব | " | 01911010083 | [signature] 26/4/18 |
| ৯. | মোহাম্মদ জাকীর হোসেন<br>যুগ্ম সচিব | " | 01712084742 | [signature] 26/4/18 |
| ১০ | মো: আবদুল কাদের<br>যুগ্ম সচিব (জৈব) | কৃষি মন্ত্রণালয় | 01711460500 | [signature] 26/4/2018 |

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভা
তারিখ: ২৬ এপ্রিল ২০১৮
সময়: বেলা ০১.৩০ ঘটিকা
স্থান: কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
কর্মকর্তাগণের উপস্থিতি

| ক্রম | নাম ও পদবি | কর্মরত উইং/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১. | [illegible] যুগ্ম-সচিব | কৃষি মন্ত্রণালয় | 01671645488 | [illegible] 26/04/18 |
| ১২। | শেখ দেলোয়ার হোসেন যুগ্মসচিব | ঐ | | [illegible] 26/4/18 |
| ১৩ | মো: হুমায়ুন [illegible] যুগ্মসচিব | ঐ | | [illegible] |
| ১৪. | ফরিদা জাহান যুগ্ম-সচিব | ঐ | | [illegible] ২৬/০৪/১৮ |
| ১৫. | কমলেশ চন্দ্র রায় বিওএ/কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয় | 01817-073156 | [illegible] 26.4.18 |
| ১৬ | কাজী আব্দুল কালাম পরিচালক | বারটান | 01727531100 | [illegible] 26/4/18 |
| ১৭ | মো: আবুল কালাম আজাদ চেয়ারম্যান, এসসিএ | এসসিএ | 01720671666 | [illegible] 26/4/18 |
| ১৮. | মো: আব্দুর রহিম নির্বাহী পরিচালক | বিএসআরআই | 01712782917 | [illegible] 26/4/18 |
| ১৯. | ড. মো: নজরুল ইসলাম পরিচালক | [illegible] | 01780479503 | [illegible] 26/4/18 |
| ২০ | বিধান কুমার ভান্ডার পরিচালক | এস আর ডি আই | 01716822661 | [illegible] ২৬/৪/১৮ |

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভা

তারিখ: ২৬ এপ্রিল ২০১৮

সময়: বেলা ০১.৩০ ঘটিকা

স্থান: কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

কর্মকর্তাগণের উপস্থিতি

| ক্রম | নাম ও পদবি | কর্মরত উইং/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: নাসিরুজ্জামান চেয়ারম্যান | বি এ ডি সি | | [signature] |
| 02 | ড. মো: কবির ইকরামুল হক নির্বাহী চেয়ারম্যান | বি এ আর সি | 01711466424 | [signature] |
| ০৩ | মো: মাহবুব আহমেদ মহাপরিচালক | ডি এ এম | | [signature] |
| 08 | ড: আবুল কালাম আযাদ মহাপরিচালক | বি এ আর আই | ০১৭১২১২১০২২ | [signature] |
| ০৫ | ড. মো: শাহজাহান কবীর মহাপরিচালক | ব্রি | ০১৭১২২৬০০৮৩ | [signature] ২৬/৪/১৮ |
| ০৬ | ড. মো: মনজুরুল আলম মহাপরিচালক | বিজেআরআই | ০১৭০৭০৭৭০৬২ | [signature] ২৬/৪/২০১৮ |
| ০৭ | ড. বীরেশ কুমার গোস্বামী মহাপরিচালক | বিনা | 01813158197 | [signature] ২৬/০৪/১৮ |
| ০৮ | ড. মো: ফরিদ উদ্দিন নির্বাহী পরিচালক | সিডিবি | 01711020798 | [signature] ২৬/৪/১৮ |
| ৯. | মুন্সী মোহাম্মদ হেদায়েত উল্লাহ মহা. পরিচালক (ভারপ্রাপ্ত) | নাটা | 01711-193834 | [signature] ২৬/৪/১৮ |
| ১০ | ড: মো: আমজাদ হোসেন মহাপরিচালক | [illegible] | 01713082112 | [signature] /৪/১৮ |